বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি
অবসর ভবন
৭৫/এ, রোড নং ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯
ফোন ঃ ০২২২২২৪০১৮৯, ৪৮১২২৯৮৭, ২২২২৪০১৪৪
Email: brgewa@gmail.com
Web : brgewa.com

জেলা শাখার ও কেন্দ্রীয় সমিতির পেনশনভোগী সদস্যগণের সাধারণ চিকিৎসা/কন্যার বিবাহ/প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতির জন্য আর্থিক সাহায্য প্রাপ্তির আবেদনের নীতিমালা

০১। সাধারণ চিকিৎসা/কন্যার বিবাহ/প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত সদস্যগণ নিজের অথবা স্পাউসের এক অর্থবছরে একবার আর্থিক সাহায্যের জন্য নির্ধারিত ফরম 'গ' পূরণ করে আবেদন করতে পারবেন ;

০২। সাধারণ সদস্য আবেদনকারীগণের ক্ষেত্রে তাঁদের স্ব-স্ব জেলা শাখার/কেন্দ্রীয় সমিতির হালনাগাদ বার্ষিক চাঁদা পরিশোধের রশিদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে ;

০৩। যে সকল সদস্যের মাসিক নীট পেনশন অথবা একটি উৎসব ভাতার পরিমাণ অনধিক ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, শুধুমাত্র তাঁরাই আবেদন করতে পারবেন ;

০৪। যাঁরা এককালীন অনুদানের জন্য আবেদন করবেন তাঁরা একই বৎসরে সন্তানের শিক্ষাবৃত্তি, সাধারণ চিকিৎসা/কন্যার বিবাহ / প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতির জন্য আর্থিক সাহায্যের আবেদন করতে পারবেন না ;

০৫। সমিতির পেনশনার সদস্যদের স্বার্থে সাধারণ চিকিৎসা ও কন্যার বিবাহের বাজেট বরাদ্দের অর্থ, প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতির সাহায্যের বাজেট বরাদ্দের সাথে একত্রে বিভাজন করা যাবে ;

০৬। সাধারণ চিকিৎসার ক্ষেত্রে আবেদন দাখিলের সময় চিকিৎসকের ব্যবস্থাপত্রের মূলকপি/ফটোকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে ;

০৭। আবেদনের সাথে ১ জুলাই, ২০২৫ তারিখ হতে ঔষধ ক্রয়ের মূল ভাউচার নাম্বার সম্বলিত / ক্যাশমেমো ও প্যাথলজি পরীক্ষার/ হাসপাতাল বিলের রশিদের মূল কপি সংযুক্ত করতে হবে। কাঁচা স্লিপ গ্রহণযোগ্য নয় ;

০৮। মুসলিম পেনশনারের কন্যার বিবাহের ক্ষেত্রে আবেদনের সাথে ১ জুলাই, ২০২৫ তারিখ হতে সম্পাদিত রেজিষ্ট্রিকৃত কাবিননামার সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে ;

০৯। অমুসলিম পেনশনারের কন্যার বিবাহের ক্ষেত্রে আবেদনের সাথে ১ জুলাই, ২০২৫ তারিখ হতে সম্পাদিত বিবাহের রেজিঃ সনদ/ বিবাহ অনুষ্ঠানের তারিখসহ ফটো ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার /ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে ;

১০। সমিতির যে সকল সদস্য বিদেশে চিকিৎসা গ্রহণ করেছেন তাঁরা কোনক্রমেই সমিতির চিকিৎসা সাহায্যের আওতাভূক্ত হবে না ;

১১। ১ জুলাই, ২০২৫ তারিখ হতে সংঘটিত বন্যা, ঘূর্ণিঝড়, ভূমিকম্প ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগের দরুন শুধুমাত্র বসতঘরের ক্ষয়ক্ষতির বিষয় বিবেচনা করা হবে। তবে এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার ও ওয়ার্ড কাউন্সিলর প্রত্যয়নপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে ;

১২। বৈধ সদস্যগণ সাধারণ চিকিৎসার জন্য প্রতিবছর আবেদন করতে পারবেন। তবে যেসকল সদস্য কখনই চিকিৎসা সাহায্য পাননি এবং যাদের পেনশনের পরিমাণ স্বল্প তাঁরা সাহায্যের ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন ;

১৩। সাধারণ চিকিৎসা, কন্যার বিবাহ, প্রাকৃতিক দুর্যোগ খাতে জনপ্রতি সর্বোচ্চ ১২,০০০/- (বার হাজার) টাকা আর্থিক সাহায্য প্রদান করা হবে ;

১৪। জেলা শাখা সমিতি কর্তৃক প্রেরিত সাধারণ চিকিৎসা/কন্যার বিবাহ/প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতির জন্য আর্থিক সাহায্যের আবেদনের ক্রমিক নম্বর কেন্দ্রীয় সমিতি প্রয়োজনবোধে পরিবর্তন করতে পারবে।

১৫। সাধারণ চিকিৎসা/কন্যার বিবাহ/প্রাকৃতিক দুর্যোগ আবেদনকারীগণ জটিল ও ব্যয়বহুল চিকিৎসায় এবং এককালীন অনুদানের জন্য আবেদন করতে পারবেন না ; এবং

১৬। সাধারণ চিকিৎসা/কন্যার বিবাহ/প্রাকৃতিক দুর্যোগে আবেদনকারীগণ জটিল ও ব্যয়বহুল চিকিৎসায় এবং এককালীন অনুদানের জন্য আবেদন করতে পারবেন না।

সংযুক্তি : ১। সাধারণ চিকিৎসা/কন্যার বিবাহ/প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতির জন্য অর্থ সাহায্যের ফরম ০১টি।

প্রশাসক

ক্রমিক নং-

ফরম নং - গ

বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি
অবসর ভবন
৭৫/এ, রোড নং ৫/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৯
ফোন ঃ ০২২২২২৪০১৮৯, ৪৮১২২৯৮৭, ২২২২৪০১৪৪
Email: brgewa@gmail.com
Web : brgewa.com

আবেদনকারী পেনশনার সদস্যের ছবি

বরাবর

প্রশাসক
বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারী কর্মচারী কল্যাণ সমিতি, ঢাকা।

কেন্দ্রীয় সমিতি, ঢাকা

বিষয় ঃ- পেনশনভোগী সদস্যগণের সাধারণ চিকিৎসা/কন্যার বিবাহ/প্রাকৃতিক দুর্যোগে আর্থিক সাহায্যের আবেদন।

০১। ক) আবেদনকারী সদস্যের নাম ঃ

খ) সদস্যের ধরন ও সদস্য নং ঃ

গ) মোবাইল নং ঃ

ঘ) ই-মেইল ঠিকানা ঃ

০২। আবেদনকারীর পিতা/স্বামীর নাম ঃ

০৩। আবেদনকারী/ মূল চাকরিজীবী যে পদ হতে অবসর গ্রহণ করেছেন ঃ

০৪। আবেদনকারী /মূল চাকরিজীবীর সর্বশেষ কর্মস্থল ঃ

০৫। অবসর গ্রহণের তারিখ, পিপিও নম্বর ও তারিখ ঃ

০৬। চিকিৎসা ভাতা ব্যতীত মাসিক নীট পেনশনের পরিমাণ ঃ
(পেনশন বইয়ের ফটোকপি, ট্রেজারী/ব্যাংকের নামসহ সংযুক্ত করতে হবে)

০৭ যারা এককালীন আনুতোষিক গ্রহণ করেছেন তাঁদের ক্ষেত্রে একটি উৎসব ভাতার পরিমাণ ঃ
(পেনশন বইয়ের এতদসংক্রান্ত পৃষ্ঠার ফটোকপি সংযুক্ত করতে হবে)।

০৮। সমিতির সাধারণ সদস্য হলে হালনাগাদ চাঁদা পরিশোধের প্রমাণক ঃ
(রশিদের ফটোকপি সংযুক্ত করতে হবে)

০৯। কী কারণে সাহায্য প্রয়োজন ঃ
(দৈব/প্রাকৃতিক দুর্যোগে ক্ষয়ক্ষতি হয়ে থাকলে তার বিবরণ)

১০। দাখিলকৃত ক্যাশ মেমো/ভাউচারে মোট টাকার পরিমাণ ঃ

১১। ক) স্থায়ী ঠিকানা ঃ গ্রাম/সড়ক ঃ ডাকঘর ঃ

উপজেলা/থানা ঃ জেলা ঃ

১২। খ) বর্তমান ঠিকানা ঃ গ্রাম/সড়ক ঃ ডাকঘর ঃ

উপজেলা/থানা ঃ জেলা ঃ

১৩। ইতঃপূর্বে সাধারণ চিকিৎসা/কন্যার বিবাহ/প্রাকৃতিক দুর্যোগে কোন অর্থ সাহায্য পেয়ে থাকলে বছর, অর্থের পরিমাণসহ তার বিবরণ ঃ

১৪। আবেদনকারীর পেনশন ব্যতীত অন্যান্য খাত হতে বার্ষিক আয়ের পরিমাণ (যদি থাকে) ঃ

আমি ঘোষণা করছি যে, আবেদনে উল্লিখিত তথ্যাদি সত্য। উপর্যুক্ত কোন তথ্যাদি অসত্য হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

.....

তারিখঃ পেনশন ভোগীর নামসহ স্বাক্ষর

মোবাইল : .....

সংযুক্তি ঃ

(ক) আবেদনের সাথে চিকিৎসকের পরামর্শ/ব্যবস্থাপত্রের মূল/ফটোকপি ---------- প্রস্থ।

(খ) আবেদনের সাথে ১ জুলাই, ২০২৫ তারিখ হতে ঔষধ ক্রয়ের ক্রমিক নম্বর সম্বলিত মূল ক্যাশমেমো এবং প্যাথলজি পরীক্ষার / হাসপাতালের রশিদের মূল কপি ---------- প্রস্থ।

(গ) মুসলিম পেনশনারের কন্যার বিবাহের ক্ষেত্রে আবেদনের সাথে অনধিক ১ জুলাই, ২০২৫ তারিখ হতে সম্পাদিত বিবাহের কাবিননামার সত্যায়িত কপি --------- প্রস্থ।

(ঘ) অমুসলিম পেনশনারের কন্যার বিবাহের ক্ষেত্রে আবেদনের সাথে ১ জুলাই, ২০২৫ তারিখ হতে বিবাহের রেজিঃ সনদ/ বিবাহ অনুষ্ঠানের ফটো ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার ও ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে ---------- প্রস্থ।

(ঙ) এক বছরের মধ্যে বন্যা, অগ্নিকান্ড, ঘূর্ণিঝড়, ভূমিকম্প ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগের দরুন শুধুমাত্র বসতঘরের ক্ষয়ক্ষতি সংক্রান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনারের প্রত্যয়নপত্র (মূলকপি) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে ------ প্রস্থ।

(চ) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

(ছ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ১ কপি ছবি।

বিঃদ্রঃ চিকিৎসার ক্ষেত্রে এক অর্থবছরে সাধারণ অথবা জটিল ও ব্যয়বহুল চিকিৎসার যে কোন একটির জন্য আবেদন করা যাবে।